কালের কণ্ঠ

তারিখ 16 SEP 2017
পৃষ্ঠা ১৩ কলাম ৫

# ঢাকা বিভাগের সেরা শিক্ষক গোলাপজান নেছা

## রংপুর জেলার সেরা ইউএনও জিয়াউর রহমান

**রাজবাড়ী প্রতিনিধি ▷**

রাজবাড়ীর পাংশা পৌরসভার মাগুরাডাঙ্গি আব্দুল মাজেদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাপজান নেছা ঢাকা বিভাগের সেরা প্রাথমিক শিক্ষক নির্বাচিত হয়েছেন। তাঁর এ কৃতিত্ব অর্জনে জেলা শিক্ষা কর্মকর্তা তৌহিদুল ইসলামসহ অন্য শিক্ষকরা তাঁকে অভিনন্দন জানিয়েছেন।

গোলাপজান নেছা জানান, ২০১০ সালের ১১ ফেব্রুয়ারি তিনি আব্দুল মাজেদ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের দায়িত্ব পান। তিনি পাঁচবার জেলার শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে নির্বাচিত হয়েছেন। তবে এবারই প্রথম তিনি ঢাকা বিভাগের সেরা শিক্ষক নির্বাচিত হতে পেরে অনেক খুশি। জেলা শিক্ষা কর্মকর্তা তৌহিদুল ইসলাম বলেন, 'গোলাপজান নেছা তাঁর বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি, উপস্থিতি, বৃত্তি পরীক্ষায় ভালো ফল, রাত্রিকালীন পাঠদান কার্যক্রম পরিচালনা, নিজ বাড়িতে ৩০-৩৫ জন শিক্ষার্থীকে বিনা মূল্যে পাঠদান, শিক্ষার্থীদের প্রতি অধিক মনোযোগ, বিদ্যালয়ের পরিবেশ সুন্দর করা, পাঠদানে নতুন নতুন কৌশল অবলম্বন করার কারণেই তিনি পাঁচবার জেলার সেরা শিক্ষক হয়েছেন। এবার তিনি ঢাকা বিভাগে সেরা হলেন। তিনি আরো এগিয়ে যাবেন বলে আমরা আশা রাখি।'

এদিকে রংপুর জেলার সেরা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) নির্বাচিত হয়েছেন রংপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা জিয়াউর রহমান। উপজেলার প্রাথমিক শিক্ষায় বিশেষ অবদান রাখার জন্য তিনি এ কৃতিত্ব অর্জন করেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, প্রাথমিক বিদ্যালয়ে মিড ডে মিল চালু, শিক্ষাপ্রতিষ্ঠানে ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর প্রদান, হারমোনিয়ামসহ গান শেখার উপকরণ প্রদান এবং শিক্ষার্থীদের পাঠদান ও পড়ালেখায় মনোযোগী করতে স্কুলব্যাগ, টিফিন বক্স প্রদান, শুদ্ধভাবে জাতীয় সংগীত গাওয়ার জন্য কর্মশালা, সব শিক্ষাপ্রতিষ্ঠানে জাতীয় পতাকা প্রদান, সঠিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করার জন্য কর্মশালার আয়োজন ছাড়াও শিক্ষার মানোন্নয়নে ইউনিয়ন পর্যায়ে ভ্রাম্যমাণ লাইব্রেরি স্থাপনে ব্যাপক ভূমিকা রাখায় তাঁকে রংপুরের সেরা উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসেবে মনোনীত করা হয়েছে।